

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুকসুদপুর, গোপালগঞ্জ
www.maksudpur.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৩৫৫৮.০০১.৩১.০৪৮.২৩ - ৫৬৭

তারিখ : ০২ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

মুকসুদপুর উপজেলা ডিজিটাল সেন্টার এর জন্য একজন পুরুষ ও একজন মহিলা উদ্যোক্তা নিয়োগের লক্ষ্যে এ উপজেলার স্থায়ী বাসিন্দাদের মধ্য হতে নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনকারীগণকে কম্পিউটার ও আইটি বিষয়ে অভিজ্ঞ হতে হবে।

শর্তাবলী :

- ১। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান/অস্থায়ী ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স (১৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখে), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ০২/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে।
- ২। প্রার্থীকে ন্যূনতম এস,এস,সি বা সমমানের পাশ হতে হবে।
- ৩। আবেদনপত্রের সাথে প্রার্থীকে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
 - (ক) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
 - (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি।
 - (গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
 - (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি।
 - (ঙ) প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০.০০ (দশ) টাকার ডাক টিকিট যুক্ত ৪.৫ ইঞ্চি ১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
 - (চ) প্রার্থীকে কম্পিউটার ও আইটি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের সমর্থনে সনদপত্র দাখিল করতে হবে।
- ৪। প্রার্থীর বয়স ১৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩৫ বছরের মধ্যে হতে হবে।
- ৫। আবেদনকারীকে উদ্যোক্তা হিসেবে নির্বাচিত হবার পরে উপজেলা পরিষদের সাথে চুক্তি সম্পাদন করতে হবে।
- ৬। নির্বাচিত উদ্যোক্তাগণ সরকার হতে কোন বেতন ভাতা প্রাপ্ত হবেন না। তবে ডিজিটাল সেন্টারের কম্পিউটার, ল্যাপটপ, ফটোকপিয়ার, প্রজেক্টর মেশিন হতে অর্জিত আয় উদ্যোক্তাগণ প্রাপ্ত হবেন।
- ৭। ইউআইএসসিতে ইতোপূর্বে উদ্যোক্তা হিসেবে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
- ৮। কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

এস.এম. ইমাম রাজী টুলু
উপজেলা নির্বাহী অফিসার
মুকসুদপুর, গোপালগঞ্জ

ফোন নং- ০২-৪৭৮৮২২৭২৯

unomaksudpur@mopa.gov.bd


৩০/৯/২৩

স্মারক নং- ০৫.৩০.৩৫৫৮.০০১.৩১.০৪৮.২৩ - ৫৩৯(৫০)

তারিখ : ০২ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ। সদয় অবগতির জন্য।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ। সদয় অবগতির জন্য।
- ০৩। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ। বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৪। উপজেলা-----অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ। অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। চেয়ারম্যান,-----ইউপি (সকল) মুকসুদপুর, গোপালগঞ্জ। বিজ্ঞপ্তিটি ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোডকরণসহ বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। নোটিশ বোর্ড


এস.এম. ইমাম রাজী টুলু
উপজেলা নিবাহী অফিসার
মুকসুদপুর, গোপালগঞ্জ
৩১/৯/২০২৩